দৈনিক বাংলা

তারিখ ... 21|9|83 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 1 ...

004

দৈনিক বাংলা

ঢাকা : বুধবার, ৪ঠা আশ্বিন, ১৩৯০ : ২১শে সেপ্টেম্বর, ১৯৮৩

# বাংলায় উচ্চশিক্ষার পাঠ্যবই

বাংলায় উচ্চশিক্ষার পাঠ্যবই লেখার পদক্ষেপ নেয়া হচ্ছে। এই লক্ষ্যে সরকার একটি যৌথ কমিটি গঠন করবেন বলে আশা করা যাচ্ছে। এতে থাকবে শিক্ষা মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, বিশ্ববিদ্যালয়সমূহ ও বাংলা একাডেমীর প্রতিনিধি। এই কমিটি উচ্চতর পর্যায়ে শিক্ষার জন্য বাংলা মৌলিক বই রচনা ও অনুবাদের ব্যবস্থা করবে।

এই ধরনের একটা পদক্ষেপ নেয়ার দরকার ছিল। আসলে অনেক আগেই উচ্চতর পর্যায়ে শিক্ষার জন্য বাংলা বই রচনার (অথবা অনুবাদ) উদ্যোগ নেয়া উচিত ছিল। বাংলা আমাদের রাষ্ট্র-ভাষা। এবং রাষ্ট্রভাষা হিসেবে তাকে যথাযথ মর্যাদা দিতে হলে সর্বস্তরে তা প্রচলন করা প্রয়োজন। আর তা করতে হলে শুধু ২১শে ফেব্রুয়ারী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সর্ব-স্তরে বাংলা ভাষা প্রচলনের দাবীতে হুংকার উচ্চারণ বা প্রচলন না হওয়ায় বিলাপ করা এবং তারপর গোটা ব্যাপারটা বিস্মৃত হওয়াটাই যথেষ্ট নয়—সর্বস্তরে বাংলা ভাষা চালু করতে হলে বাংলা ভাষার মাধ্যমে উচ্চতম পর্যায় পর্যন্ত শিক্ষার ব্যবস্থা করতে হবে। আর এই লক্ষ্য পূরণ করতে হলে মৌলিক পাঠ্য পুস্তক প্রণয়ন বা অনুবাদ করা প্রয়োজন। শুধু কলাবিষয়কই নয়, মেডিক্যাল, প্রকৌশলসহ সর্বপ্রকার উচ্চশিক্ষার পাঠ্য পুস্তকই বাংলাভাষায় রচনা করতে হবে। দুর্ভাগ্যবশতঃ এই কর্তব্যটি একরকম অবহেলিতই রয়েছে। হালে বাংলা একা-ডেমী এ ব্যাপারে কিছুটা উদ্যোগী হয়েছেন। ইতিমধ্যেই কিছু কিছু পুস্তক তারা প্রকাশও করেছেন। স্বভাবতই এটা যথেষ্ট নয়। এর জন্য প্রয়োজন ব্যাপক ও বিরাট আয়োজন এবং এগোতেও হবে পরিকল্পিত উপায়ে। কোন বিশ্ববিদ্যালয়ের জন্য কোন বিষয়ে কোন ধরনের পাঠ্যপুস্তক অগ্রাধি-কার ভিত্তিতে প্রণয়ন বা অনুবাদ করতে হবে তা গোড়াতেই ঠিক করে নিতে হবে। তার জন্য প্রয়োজন বিশেষজ্ঞ কমিটির। আমাদের মনে হয়, প্রস্তাবিত যৌথ কমিটি এব্যাপারে বিশেষজ্ঞ কমিটি হিসেবে কাজ করতে পারবেন।

এই কমিটি কবে কখন গঠিত হবে, তা এখনো জানা যায়নি, তবে প্রস্তাবিত কমিটির সম্ভাব্য সদস্যদের কাছে আমাদের কিছু বক্তব্য আছে। তা হল : তারা যেন বই-এর মানের দিকে লক্ষ্য রাখেন। মানের ব্যাপারে যেন তারা খুবই সচেতন হন। অতীত অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে, বিশেষ করে টেক্সট বুক বোর্ড-এর কার্যকলাপ থেকে আমরা যে অভিজ্ঞতা সঞ্চয় করেছি তার পরিপ্রেক্ষিতে এখন থেকেই আমরা বই-এর এব্যাপারে সতর্ক করে দেয়ার প্রয়োজনীয়তা উপলব্ধি করছি।